গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ।

বিষয়ঃ ২০১৪-১৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুলাই ২০১৪ হতে ফেব্রুয়ারী, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

১৮-০৩-২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিবের সভাপতিত্বে ২০১৪-১৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক" তে দেয়া আছে।

২.০। আলোচনা

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। ২০১৪-১৫ অর্থবছরের এডিপিতে বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থাসমূহের ৬৮ টি প্রকল্পের (বিনিয়োগ প্রকল্প-৬০টি ও কারিগরি সহায়তা প্রকল্প- ৮টি) অনুকূলে মোট ৯১৮৫.৫৮ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে জিওবি ৪৭৪২.০০ কোটি টাকা এবং প্রকল্প-সাহায্য ৪৪৪৩.০০ কোটি টাকা। বিদ্যুৎ খাতের উন্নয়ন প্রকল্পসমূহের বিপরীতে ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত ব্যয় হয়েছে মোট বার্ষিক ৩৭২০.৮৫ কোটি টাকা যা মোট বরাদ্দের প্রায় ৪১% (প্রকল্প সাহায্য- ৪১.৩৫% এবং জিওবি- ৩৯.৬৯%)। এ সময় পর্যন্ত ভৌত অগ্রগতি হয়েছে ৫০%। পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ের আর্থিক অগ্রগতি ৩৭% এবং ভৌত অগ্রগতি ৫৮% ছিল ।

২.২ প্রকল্প বাস্তবায়নের শ্লথ অগ্রগতিতে সভাপতি তীব্র অসন্তোষ প্রকাশ করেন এবং সকল উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংস্থা ও প্রকল্প পরিচালকগণকে আরো সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। সংস্থা প্রধানগণ তাদের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য প্রকল্প পরিচালকগণের সাথে জুন, ২০১৫ পযর্ন্ত পাক্ষিক ভিত্তিতে সভা করার বিশেষ করে যেসব প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ধীরগতিসম্পন্ন সেসব প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম নিবিড় পর্যালোচনা করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্তঃ

সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্দেশ্য গৃহীত সকল উন্নয়ন প্রকল্প অনুমোদিত হওয়ার সাথে সাথে প্রযোজ্য ক্ষেত্রে ওনার্স ইঞ্জিনিয়ার্স নিয়োগের উদ্যোগ নিতে হবে। ইপিসি ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া শুরু করার আগেই ওনার্স ইঞ্জিনিয়ার্স নিয়োগ সম্পন্ন করতে হবে। **বাস্তবায়নেঃ সংস্থা প্রধান-বিপিডিবি, ইজিসিবি, নওপাজেকো, এপিএসসিএল।**

৩.২ বিপিডিবি কর্তৃক বাস্তবায়নাধীন "১০ শহর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির সকল কার্যক্রম জুন ২০১৫ এর মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। কোনক্রমেই প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ আর বৃদ্ধি করা যাবে না।
বাস্তবায়নঃ বিউবো ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৩.৩ কোন প্রকল্পের বাস্তবায়ন মেয়াদেই অবসরে যাবার সম্ভাবনা রয়েছে এমন কোন কর্মকর্তাকে প্রকল্প পরিচালক নিয়োগ করা যাবে না। **বাস্তবায়নেঃ সকল সংস্থা প্রধান।**

৩.৪ সকল সংস্থার কর্মকর্তাগণের জন্য প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ে জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমিতে (এনএপিডি) সপ্তাহব্যাপী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। একই সাথে সকল প্রকল্প পরিচালক ও উপ প্রকল্প পরিচালকদের জন্য প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে সংস্থার উদ্যোগে এক দিনের প্রশিক্ষণের আয়োজন করতে হবে। সংস্থা প্রধান এ বিষয়টি বিশেষভাবে মনিটরিং করবেন। সংস্থাসমূহ প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ সংক্রান্ত মাসওয়ারী তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। **বাস্তবায়নেঃ সকল সংস্থা প্রধানগণ।**

চলমান পাতা ২

৩.৫ প্রকল্প সাহায্যপুষ্ট সকল প্রকল্পের দরপত্র মুল্যায়ন প্রক্রিয়ায় উন্নয়ন সহযোগীর নিয়োজিত পরামর্শক/ প্রতিনিধিকে অবজারভার হিসেবে দরপত্র মূল্যায়ন কমিটির সভায় রাখতে হবে যাতে করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের উপর উন্নয়ন সহযোগী সংস্থার সম্মতি গ্রহণ প্রক্রিয়াটি সহজতর হয়। **বাস্তবায়নেঃ সকল সংস্থা;**

৩.৬ পিজিসিবি ও বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ কর্তৃক স্ব স্ব সঞ্চালন ও বিতরণ লাইন/রুট প্রফাইল এবং ড্রইং এর আর্কাইভিংসহ GIS প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করবে। **বাস্তবায়নঃ চেয়ারম্যান, বিপিডিবি ও আরইবি এবং ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ডিপিডিসি, ডেসকো ও ওজোপাডিকো।**

৩.৭ বিদ্যুৎ খাতে সরকারি মালিকানাধীন সকল কোম্পানীকে সরকার হতে গৃহীত ঋণের অর্থ পর্যায়েক্রমে ফেরত প্রদানের উদ্যোগ নিতে হবে। **বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট সংস্থা প্রধানগণ;**

৩.৮ ইজিসিবি'র আওতায় নির্মিত হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট এর পূর্ণ ক্ষমতায় উৎপাদনে যেতে না পারার জন্য পারটেক্স গ্রুপের সাথে উদ্ভূত সমস্যার বিষয়ে আইনানুগ ব্যবস্থা নিতে হবে।

বাস্তবায়নঃ ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি;

৩.৯ বিউবো কর্তৃক বাস্তবায়নাধীন "শিকলবাহা ২২৫ মেঃওঃ ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ" প্রকল্পের ডিপিপি এপর্যায়ে সংশোধন না করে প্রকল্পের প্যাকেজসমূহের টেন্ডার করার পর প্রাপ্ত দরের ভিত্তিতে ডিপিপি সংশোধনের উদ্যোগ নিতে হবে।

বাস্তবায়নেঃ চেয়্যারম্যান, বিউবো এবং প্রকল্প পরিচালক;

৩.১০। সংস্থা প্রধানগণ তাদের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য প্রকল্প পরিচালকগণের সাথে জুন, ২০১৫ পযর্ন্ত পাক্ষিক ভিত্তিতে সভা করবেন। বিশেষ করে যেসব প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ধীরগতিসম্পন্ন সেসব প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম নিবিড় পর্যালোচনা করবেন।

বাস্তবায়নেঃ সকল সংস্থা প্রধানগণ;

৩.১১ প্রকল্পের যাবতীয় তথ্য হালনাগাদ করে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগের প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সিস্টেমে আপলোড করতে হবে। যেসব প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে কিংবা নতুন প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়েছে সেসব ক্ষেত্রেও প্রকল্প পরিচালকের যথাযথ তথ্য সিস্টেমে আপলোড করতে হবে।

বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট সংস্থা ও প্রকল্প পরিচালকগণ;

৪.০। পরিশেষে অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.৬.২০১৫

(মনোয়ার ইসলাম)
সচিব